

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১০৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশারাহ্ মুবাশশারা রাযিয়াল্লাহু আনহুমা-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابُ مَنَاقِبِ الْعَشَرَةِ رَضِيَ اللَّهُ عَنْهُمْ)

আরবী

وَعَن قيس بن حازِم قَالَ: رَأَيْتُ يَدَ طَلْحَةَ شَلَاءَ وَقَى بِهَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ أَحُدٍ. رَوَاهُ البُخَارِيِّ

رواه البخاری (4063) ۔ (صَحِیح)

বাংলা

৬১০৯-[২] কায়স ইবনু আবূ হাযিম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ত্বলহাহ (রাঃ) -এর ঐ হাতখানা বিকল অবস্থায় দেখেছি, যে হাত দ্বারা তিনি উহুদের দিন নবী (সা.) -কে (কাফিরদের আক্রমণ হতে) রক্ষা করেছিলেন। (বুখারী)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭২৪, ইবনু মাজাহ ১২৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩২১৫৬, মুসনাদে বাযার ৯৬০, সহীহ ইবনু হিব্বান ৬৯৮১, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৯১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৪৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (رَأَيْتُ يَدَ طَلْحَةَ شَكَّرَ) অর্থাৎ তা হলো হাতের কজিতে কমতি বা অবশ হওয়া। কাজ করতে না পারা। এর অর্থ এটা নয় যে, হাত কাটা হয়েছে, যা অনেকেই মনে করে। তিনি হাত দিয়ে নবী (সা.) -কে উহুদ যুদ্ধের দিন হিফাযাত করেছিলেন। ফলে তিনি নিজে আহত হয়েছিলেন। তিনি উহুদের দিন ২৪টি আঘাত পেয়েছিলেন। কথিত আছে যে, তার শরীরে মোট ৭৫টি ক্ষত পাওয়া গিয়েছিল। (মিরক্লাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ক্বায়স ইবন আবু হাযিম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন